# GOUR MAHAVDYALAYA

DEPARTMENT OF BENGALI

ELECTIVE BEGALI

**201 BNGG C-2**

**CLASS – 1 UNIT –** অলংকার

ONLINE CLASS BY –DR. HARIDAS MANDAL

DATE -08/04/2020

# অলংকার -

অলংকার' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ সুসজ্জিতকরণ বা বিভূষিতকরণ। সুতরাং কাব্যের সৌন্দর্য বৃদ্ধির জন্য যার দ্বারা কাব্যভাষাকে  সৌন্দর্যমণ্ডিত করা হয় তাকে অলং   কার বলে। এক কথায় কাব্যদেহের সৌন্দর্য  বৃদ্ধির প্রক্রিয়াকে অলঙ্কার বলে।

অলংকারের প্রকারভেদ :

১. শব্দালংকার ও ২. অর্থালংকার।

নিম্নে এই প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোকপাত করা হলো।

**শব্দালংকার :** অর্থপূর্ণ ধ্বনিসমষ্টিকে বলা হয় শব্দ। যে অলঙ্কার শব্দের ধ্বনিগত সৌন্দর্যবৃদ্ধি করে তাকে শব্দালঙ্কার বলে। এই অলঙ্কার পুরোপুরি ধ্বনিসুষমার ওপর নির্ভর করে। তাই এই ধরনের অলঙ্কারে শব্দকে বদল করা চলে না। যেমন-

১. এদেশে বিদ্যার মন্দিরে সুন্দরের প্রবেশ নিষেধ।

২. 'বাঘের বিক্রমসম মাঘের রজনী।'

## : অনুপ্রাস :

একই রকম বর্ণ বা বর্ণসমষ্টি বারবার ব্যবহৃত হয়ে যে শব্দসাম্য সৃষ্টি করে তাকে অনুপ্রাস বলে। যেমন-

১. কেতকী কেশরে কেশপাশ করে সুরভি

২. কাননে কুসুম কলি সকলি ফুটিল।

অনুপ্রাস নানা প্রকার। নিম্নে সে সম্পর্কে আলোচনা করা হলো।

## ১. বৃত্ত্যনুপ্রাস :

একটি বর্ণ বা বর্ণগুচ্ছ বৃত্তের মতো বারবার ঘুরে ফির ধ্বনিত হলে তাকে বলে বৃত্ত্যনুপ্রাস। যেমন-

১. কেতকী কেশরে কেশপাশ কর সুরভি।

২. চল চপলার চকিত চমকে
করিছে চরণ বিচরণ
কোথা চম্পক আভরণ – এখানে 'চ' ৭ বার, 'র' ৫ বার , ক ৫ বার, ধ্বনিত হয়ে অনুপ্রাস সৃষ্টি করেছে।

৩. ভূলোক দ্যুলোক গোলোক ছাড়িয়া
খোদার আসন 'আরশ' ভেদিয়া। – এখানে 'লোক' ব্যঞ্জনগুচ্ছ ৩ বার ধ্বনিতে হয়েছে।

## ২. অন্ত্যানুপ্রাস :

কবিতার চরণে শেষে যে মিল, তাকে অন্ত্যানুপ্রাস বলে। যেমন-

১. এ কথা জানিতে তুমি, ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধন মান।

২. জিনিস যদি টাটকা না হয়
ভেঙেচুরে আটখানা হয়।

৩. আসে গুটি গুটি বৈয়াকরণ
ধূলিভরা দুটি লইয়া চরণ।'

## ৩. লাটানুপ্রাস –

তাৎপর্যের দিক থেকে আলাদা একই অর্থযুক্ত শব্দের একাধিকবার পুনরাবৃত্তি হলে লাটানুপ্রাস অলংকার হয়।

১. জ্বালো ওগো জ্বালো ওগো সন্ধ্যাদীপ জ্বালো।

২. কালো তা সে যতই কালো হোক

## ৪. ছেকানুপ্রাস :

একাধিক ব্যঞ্জনধ্বনিগুচ্ছ যদি দুইবার মাত্র বাক্যে ব্যবহৃত হয় তাকে ছেকানুপ্রাস বলে। যেমন-

১. এখনি অন্ধ বন্ধ করোনা পাখা। - এখানে 'ন্ধ' যুক্তভাবে ২ বার ধ্বনিত হয়েছে

২. চলইতে শঙ্কিল পঙ্কিল বাট। - এখানে 'ঙ্ক' যুক্তভাবে ২ বার ধ্বনিত হয়েছে

৩. আসার আশায় আছি। - এখানে 'আশা' বিযুক্তভাবে ২ বার ধ্বনিত হয়েছে

৪. যদি না পাই কিশোরীরে আজ কি শরীরে?

## ৫. শ্রুত্যনুপ্রাস :

বাগযন্ত্রের একই স্থান থেকে যে সকল ধ্বনি উচ্চারিত হয়, সেগুলি সদৃশ ধ্বনি। এই ধরণের সদৃশ ধ্বনি সাম্যের দ্বারা যে অনুপ্রাস, তাকে শ্রুত্যনুপ্রাস বলে।

১. ফেনাইয়া ওঠে বঞ্চিত বুকে পুঞ্জিত অভিমান – এখানে প, ফ, ব, ভ ওষ্ঠবর্ণের অনুপ্রাস